# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ

স্মারক নং- (০৫) জাতীঃ বিঃ/পনিঃ/৯৬/২০২৫/২৬০৭ তারিখ ঃ ২০/০৫/২০২৫

## ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা

(স্নাতক (পাস), স্নাতক (সম্মান), প্রিলিমিনারি টু মাস্টার্স এবং মাস্টার্স শেষ বর্ষ প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান/ইনস্টিটিউট সমূহের শিক্ষার গুনগতমান বৃদ্ধি ও শিক্ষার্থীদের ক্লাসমুখী করার লক্ষ্যে ইনকোর্স পরীক্ষা চালু করা হয়। কিন্তু যথাযথ ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করার ফলে ইনকোর্স পরীক্ষার সুফল পাওয়া যাচ্ছে না। ইনকোর্স পরীক্ষার ক্ষেত্রে অতিরিক্ত নম্বর প্রদান বা কম নম্বর প্রদানের বিষয় প্রায়শ: লক্ষনীয়। এমতাবস্থায়, জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষার গুনগতমান বৃদ্ধি, শিক্ষার্থীদের ক্লাসমুখী করণ এবং শিক্ষার্থী ও শিক্ষকের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপনের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে ইনকোর্স পরীক্ষা গ্রহণ জরুরী মনে করে।

**নির্ধারিত সময়ের মধ্যে ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন করে উত্তরপত্র পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করতে হবে।**

**ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতির ভিত্তিতে নম্বর প্রদান ও ইনকোর্স পরীক্ষার নম্বর প্রদান সংক্রান্ত নিম্নরুপ নির্দেশনা অনুসরণ করতে হবে।**

১. **ক্রেডিট ও কোর্স ভিত্তিক উপস্থিতির নম্বর প্রদানের নিয়ম:**

| ক্রেডিট সংখ্যা ও মোট উপস্থিতির নম্বর | উপস্থিতির হার | প্রদেয় নম্বর |
|---|---|---|
| ০৪ ক্রেডিট তত্ত্বীয় কোর্স<br>সর্বমোট নম্বর: ০৫ | ৮০% অথবা তদূর্ধ্ব উপস্থিতির ক্ষেত্রে | ০৫ |
| | ৭০% হতে ৮০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ০৪ |
| | ৬০% হতে ৭০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ০৩ |
| ০৩ ক্রেডিট তত্ত্বীয় কোর্স<br>সর্বমোট নম্বর: ৩.৭৫ | ৮০% অথবা তদূর্ধ্ব উপস্থিতির ক্ষেত্রে | ৩.৭৫ |
| | ৭০% হতে ৮০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ০৩ |
| | ৬০% হতে ৭০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ২.২৫ |
| ০২ ক্রেডিট তত্ত্বীয় কোর্স<br>সর্বমোট নম্বর: ২.৫০ | ৮০% অথবা তদূর্ধ্ব উপস্থিতির ক্ষেত্রে | ২.৫০ |
| | ৭০% হতে ৮০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ২ |
| | ৬০% হতে ৭০% এর নিচে উপস্থিতির ক্ষেত্রে | ১.৫ |

**উল্লেখ্য যে, ৬০% এর কম ক্লাসে উপস্থিত শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করার যোগ্য বলে বিবেচিত হবে না।**

২. (ক) ক্রেডিট অনুযায়ী কোর্স ভিত্তিক ইনকোর্স নম্বর প্রদানের নিয়ম (নিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে):

| কোর্স ও ক্রেডিট সংখ্যা | সর্বোচ্চ প্রদেয় নম্বর | পাস নম্বর (৪০%) |
|---|---|---|
| ০৪ ক্রেডিট তত্ত্বীয় কোর্স | ১৫ | ০৬ |
| ০৩ ক্রেডিট তত্ত্বীয় কোর্স | ১১.২৫ | ৪.৫০ |
| ০২ ক্রেডিট তত্ত্বীয় কোর্স | ৭.৫ | ০৩ |

(খ) ক্রেডিট অনুযায়ী কোর্স ভিত্তিক ইনকোর্স নম্বর প্রদানের নিয়ম (প্রাইভেট শিক্ষার্থীদের ক্ষেত্রে):

| কোর্স ও ক্রেডিট সংখ্যা | সর্বোচ্চ প্রদেয় নম্বর | পাস নম্বর (৪০%) |
|---|---|---|
| ০৪ ক্রেডিট তত্ত্বীয় কোর্স | ২০ | ০৮ |
| ০৩ ক্রেডিট তত্ত্বীয় কোর্স | ১৫ | ০৬ |
| ০২ ক্রেডিট তত্ত্বীয় কোর্স | ১০ | ০৪ |

(গ) ইনকোর্স পরীক্ষায় ৪০% নম্বর প্রাপ্ত না হলে কোন পরীক্ষার্থী ফরমপূরণের যোগ্য বলে বিবেচিত হবে না;

(ঘ) প্রতিটি কোর্সের জন্য ইনকোর্স পরীক্ষার সময়সূচী বিশ্ববিদ্যালয় কর্তৃক ঘোষণা করা হবে;

(ঙ) ঘোষিত সময়সূচীর মধ্যে সংশ্লিষ্ট কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান/ইনস্টিটিউট সমূহকে অবশ্যই পরীক্ষা গ্রহণ করতে হবে;

(চ) সিলেবাসের সাথে সামঞ্জস্য রেখে প্রতিটি বর্ষে সংশ্লিষ্ট কোর্স শিক্ষক দুইবার ইনকোর্স পরীক্ষা গ্রহণ করবেন ও উত্তরপত্র মূল্যায়ণ করে শতকরা ১৫% এর মধ্যে নম্বর প্রদান করবেন;

(ছ) দুইটি ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত গড় নম্বর বিশ্ববিদ্যালয় কর্তৃক ঘোষিত নির্ধারিত সময়ের মধ্যে অন-লাইনে এন্ট্রি করতে হবে।

**(জ) ইনকোর্স পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করে নির্ধারিত সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর গাজীপুর ক্যাম্পাসে/স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ করতে হবে;**

(ঝ) ইনকোর্স পরীক্ষার হাজিরা শীট ও নম্বর পত্রের হার্ড কপি গালাসীল করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের ইনকোর্স পরীক্ষা মনিটরিং সেলে পাঠাতে হবে।

**এই নির্দেশনা নিম্নবর্ণিত পরীক্ষা থেকে কার্যকর হবে;**

| ক্র. নং | পরীক্ষার নাম |
|---|---|
| ১. | **অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২৪** |
| ২. | **ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা-২০২৪** |
| ৩. | **মাস্টার্স শেষ বর্ষ পরীক্ষা-২০২৩** |
| ৪. | **প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষা-২০২৩** |

২০।০৫।২৫

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ইমেইলঃ controller@nu.ac.bd